



উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয় নারায়নগঞ্জ অঞ্চল, নারায়নগঞ্জ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) নং ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ আব্দুর রব ওরফে মোহাম্মদ আব্দুল রব, পিতা- হাজী মো: আমিনুল হক। ঠিকানা: ৪৮৩, পূর্ব দেওভোগ, থানা- মুন্সীগঞ্জ সদর, জেলা- মুন্সীগঞ্জ নিজ নামে উত্তরা ব্যাংক লিমিটেড, মুন্সীগঞ্জ শাখা, মুন্সীগঞ্জ হতে ৩৭,০০,০০০/- (সাইত্রিশ লক্ষ) টাকা স্টাফ হাউজ বিল্ডিং ঋণ গ্রহণ করেন। ঋণের জামানত হিসাবে তার নিজ নামীয় নিম্নলিখিত তফসীলভুক্ত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখেন। বারবার তলব তাগাদা দিয়াও ব্যাংক ঋণ গ্রহীতা/বন্ধকদাতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করতে পারে নাই। বিগত ১০/০১/২০২১ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের ৪০,৬৭,১৭৫.২৪ (চল্লিশ লক্ষ সাতষট্টি হাজার একশত পচাত্তর ও পয়সা চব্বিশ) টাকা পাওনা হয়েছে। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তফসীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ০৩/০৩/২০২১ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেডের মুন্সীগঞ্জ শাখা, মুন্সীগঞ্জে রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে রেজিস্ট্রী ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে।

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহিত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহিত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহিত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহিত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। ইহা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসীল

জেলা- মুন্সীগঞ্জ, থানা- মুন্সীগঞ্জ সদর, মৌজা- পঞ্চসার, জে. এল নং- ৩৮, খতিয়ান নং- এস.এ- ১২৯, আর.এস- ২৪২, নামজারী- ৬৭৮৭, দাগ নং- এস. এ- ১২৯৫, আর.এস- ১৫৪০, রকম: ভিটি, জমির পরিমান- ৩.৭৩ শতাংশ।

উপ-মহাব্যবস্থাপক

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।